

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/২৮ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.২৯৩—বাংলাদেশের অটিজম সংক্রান্ত জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশিষ্ট মনোবিজ্ঞানী, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেলের সদস্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্যা কন্যা মিজ্ সায়মা ওয়াজেদ হোসেন ইউনেস্কো কর্তৃক গত ১৪ অক্টোবর ২০১৬ তারিখে ‘ইন্টারন্যাশনাল জুরি অব দ্য ইউনেস্কো-আমির জাবের আল-আহমদ আল-জাবের আল-সাবাহ প্রাইজ ফর ডিজিটাল এমপাওয়ারমেন্ট ফর পারসনস উইথ ডিজিবেলিটিজ’-এর সভাপতি পদে দুই বছর মেয়াদে নিযুক্ত হন।

২। ইউনেস্কো কর্তৃক মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনের এ নিযুক্তি আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও উন্নত ও সুসংহত করেছে। এ নিযুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে এবং তাঁর সুযোগ্যা কন্যা মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১০ অগ্রহায়ণ ১৪২৩/২৪ নভেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(১৭৪৫৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১০ অগ্রহায়ণ ১৪২৩

ঢাকা: -----

২৪ নভেম্বর ২০১৬

বাংলাদেশের অটিজম সংক্রান্ত জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশিষ্ট মনোবিজ্ঞানী, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেলের সদস্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্যা কন্যা মির্জা সায়মা ওয়াজেদ হোসেন ইউনেস্কো কর্তৃক গত ১৪ অক্টোবর ২০১৬ তারিখে ‘ইন্টারন্যাশনাল জুরি অব দ্য ইউনেস্কো-আমির জাবের আল-আহমদ আল-জাবের আল-সাবাহ প্রাইজ ফর ডিজিটাল এমপাওয়ারমেন্ট ফর পারসনস উইথ ডিজেবিলিটিজ’-এর সভাপতি পদে দুই বছর মেয়াদে নিযুক্ত হন। জুরির অন্য চার সদস্য হলেন – জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের স্পেশাল রিপোর্টার কাটালিনা দেবানদাস আগুইলার, আন্তর্জাতিক পুরস্কারপ্রাপ্ত লেবাননের সাংবাদিক মে শিডিয়াক, অস্ট্রিয়ার জোহান কেপলার ইউনিভার্সিটির অধ্যাপক ক্লাউস মিয়েসেনবার্গার এবং প্রতিবন্ধী অধিকার সংক্রান্ত জাতিসংঘ কনভেনশনের সদস্য মার্টিন বাবু মেসিগুয়া।

প্রতিবন্ধীবিষয়ক জনহিতকর কর্মে আত্মনিবেদিত পাঁচজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তি-সমন্বয়ে গঠিত এই জুরি উন্নত ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সমাজের মূলধারায় প্রতিবন্ধীদের অন্তর্ভুক্তি এবং তাঁদের জীবনমানের উন্নয়নে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রদেয় ‘ইউনেস্কো-আমির জাবের আল-আহমদ আল-জাবের আল-সাবাহ প্রাইজ ফর ডিজিটাল এমপাওয়ারমেন্ট ফর পারসনস উইথ ডিজেবিলিটিজ’ পুরস্কার প্রদানের লক্ষ্যে যোগ্য প্রার্থী নির্বাচন করবে।

মির্জা সায়মা ওয়াজেদ হোসেন প্রতিবন্ধী-উন্নয়নে দেশে-বিদেশে নানাবিধ কর্মসূচি নিরন্তর চালিয়ে যাচ্ছেন। দক্ষিণ এশিয়াসহ সারা বিশ্বে কার্যকরভাবে অটিজম-সচেতনতা গড়ে তোলার ক্ষেত্রে বাংলাদেশের অগ্রণী ভূমিকায় তাঁর অবদান অপরিসীম। মূলত তাঁর উদ্যোগেই ২০১১ সালের জুলাই মাসে ঢাকায় অটিজম বিষয়ে দক্ষিণ এশিয়ার প্রথম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সেই সম্মেলনের অনুবৃত্তিক্রমে গড়ে ওঠে ‘সাউথ এশিয়ান অটিজম নেটওয়ার্ক’ — যা দক্ষিণ এশিয়ার দেশগুলোতে অটিস্টিক শিশুদের শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সহায়তা প্রদানে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে কাজ করে যাচ্ছে। মির্জা সায়মা ওয়াজেদ হোসেনের উদ্যোগেই ২০১৩ সালের মে মাসে অটিজম-সচেতনতা বিষয়ক বাংলাদেশের একটি প্রস্তাব বিশ্বস্বাস্থ্য সংস্থার নির্বাহী পরিষদে সর্বসম্মতভাবে গৃহীত হয়। অটিস্টিক শিশুদের প্রতি সমাজের দায়িত্ব ও কর্তব্যবোধকে জাগিয়ে তুলতে তাঁর অবদান আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপক প্রশংসা লাভ করে। তাঁর কর্মপ্রয়াস ও বাংলাদেশ সরকারের কূটনৈতিক তৎপরতা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার এবং চাইল্ডহুড ডেভেলপমেন্ট ডিজঅর্ডার বিষয়ে বহুপাক্ষিক অংশীদারিত্ব গঠনের প্রক্রিয়াকে শক্তিশালী করেছে। বিশ্বব্যাপী অটিজম-সমস্যা সমাধানের প্রয়োজনীয়তার গুরুত্ব অনুধাবন এবং তা নিরসনে কার্যকর উদ্যোগ

গ্রহণে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ইউনেস্কো কর্তৃক মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনকে 'ইন্টারন্যাশনাল জুরি অব দ্য ইউনেস্কো-আমির জাবের আল-আহমদ আল-জাবের আল-সাবাহ প্রাইজ ফর ডিজিটাল এমপাওয়ারমেন্ট ফর পারসনস উইথ ডিজেবিলিটিজ'-এর সভাপতি নিযুক্ত করা হয়েছে। অটিজমের মত জনহিতকর কর্মে আত্মনিয়োগের ক্ষেত্রে তাঁর মা বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিচর্যা, দিক-নির্দেশনা ও অনুপ্রেরণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

এ সম্মান বাংলাদেশ ও বাঙালি জাতির জন্য গৌরবের।

ইউনেস্কো কর্তৃক মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনের এ নিযুক্তি আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও উন্নত ও সুসংহত করেছে। এ নিযুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে এবং তাঁর সুযোগ্যা কন্যা মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd